ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iaums13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৮৭/২০১৭/১৫৫০৪ তারিখ: ১৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

চরকালেখান নেছারিয়া কামিল মাদরাসা, ডাকঘর: চরকালেখান-৮২৫২, উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি ফিকহ বিভাগ ও ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৪-১০-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি ফিকহ বিভাগ নিম্নোক্ত শর্তে ২০-০২-২০২৫ থেকে ১৯-০২-২০২৯ তারিখ ও ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার অভ্যন্তরীণ শিক্ষকগণের জন্য বছরে ০৩ (তিন)-টি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২. প্রতিষ্ঠানে হোস্টেল ব্যবস্থা থাকতে হবে এবং আরবি, ইংরেজি ও গণিত বিষয়ের শিক্ষকবৃন্দকে ছাত্রাবাসে থাকার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করণের পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের জন্য সভা, সেমিনার, সাপ্তাহিক জলসা, বিতর্ক প্রতিযোগিতা ও শিক্ষামূলক অনুষ্ঠানের আয়োজন করতে হবে;
৪. নূরানী শাখা চালুকরণসহ শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং গভর্নিং বডি কর্তৃক একাডেমিক, প্রশাসনিক, আর্থিক, বাজেট ও পরীক্ষা কমিটি গঠন করতে হবে;
৫. এবতেদায়ী শিশু শ্রেণি থেকে ০৫ শ্রেণির ক্লাশরুম সৌন্দর্যবর্ধন (জাতীয় ফুল-ফল, স্মরণীয় ব্যক্তিত্ব, দর্শনীয় স্থান, শিক্ষামূলক বাণী এবং ইসলামিক ক্যালিগ্রাফি ইত্যাদি সংযোজনের মাধ্যমে) করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬. প্রত্যেক শ্রেণিকক্ষের দরজায় ক্লাসের নাম বাংলা ও আরবি লেখা সম্বলিত নেমপ্লেট স্থাপন করতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
৭. একক স্বাক্ষরে কোনো কেনাকাটা করা যাবে না। সকল বিল ভাউচারে অধ্যক্ষের স্বাক্ষর ও সীল থাকতে হবে এবং সকল প্রকার ক্রয়ের পূর্বে বাজেট প্রাক্কলন করে সভাপতির স্বাক্ষর নিয়ে ক্রয় কার্য সম্পাদন করতে হবে;
৮. আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করার পাশাপাশি সকল প্রকার মালামাল ক্রয়ের পূর্বে তা স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং কলামনার ক্যাশবই সঠিকভাবে সংরক্ষণ করতে হবে;
৯. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
১০. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
১১. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও ডিজিটাল হাজিরা, সিসি টিভির ব্যবস্থা করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে
28/12/2025
(মোঃ গিয়াস উদ্দীন)
মাদরাসা পরিদর্শক

অধ্যক্ষ, চরকালেখান নেছারিয়া কামিল মাদরাসা
ডাকঘর: চরকালেখান-৮২৫২, উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৮৭/২০১৭/১৫৫০৪ তারিখ: ১৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১১তম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, চরকালেখান নেছারিয়া কামিল মাদরাসা, ডাকঘর: চরকালেখান-৮২৫২, উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল।
৭. অফিস নথি।

28.12.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫